গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# পার্বত্য জেলা পরিষদ

খাগড়াছড়ি পার্বত্য জেলা

## জেলা উন্নয়ন সমন্বয় কমিটির আগস্ট/২০২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মংসুইপ্রু চৌধুরী
চেয়ারম্যান
পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।

সভার তারিখ ঃ ২১/০৮/২০২৩ খ্রি.
সকাল ঃ ১১.০০ ঘটিকা।
স্থান ঃ জেলা পরিষদ সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাদের-সংলগ্নি-'ক' এবং অনুপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা সংলগ্নি 'খ' তে দেখানো হল।

২। সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, আগস্ট মাস শোকের মাস। এই মাসেই ১৫ই আগস্ট ১৯৭৫ সালে স্মরণকালের শ্রেষ্ঠ বাঙ্গালী স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু ঘাতকদের দ্বারা সপরিবারে শহীদ হয়েছিলেন। তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ তাঁর পরিবারের সকল সদস্য এবং নিহত অন্যান্য আত্নীয়দের বিদেহী আত্নার মাগফেরাত কামনা করেন।

তিনি বলেন, বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা, মাননীয় প্রধানমন্ত্রীর ডিজিটাল বাংলাদেশ, ২০৩১ সালে উন্নত বাংলাদেশ এবং ২০৪১ সালের মধ্যে ক্ষুধা দারিদ্রমুক্ত স্মার্ট বাংলাদেশ বির্নিমাণে বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা আমাদের প্রধানমন্ত্রী দেশরত্ন জন নেত্রী শেখ হাসিনা দিনরাত পরিশ্রম করে যাচ্ছেন।

মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন জননেত্রী শেখ হাসিনা সরকারের ১৫ বছর দেশ পরিচালনার সময়ে খাগড়াছড়ি জেলায় উল্লেখযোগ্য উন্নয়নের চিত্র ধারণ করার জন্য গত ২৩ ও ২৪ জুলাই,২০২৩ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর প্রেস সেক্রেটারীর নেতৃত্বে ৫০/৬০ জনের একটি সাংবাদিক দল খাগড়াছড়ি সফর করেন। সফরকারী সাংবাদিক দলকে ব্রীফ করার লক্ষ্যে এবং খাগড়াছড়ি জেলার উল্লেখযোগ্য উন্নয়ন কর্মকান্ডের সচিত্র প্রতিবেদন তাঁদের হাতে তুলে দেয়ার জন্য উন্নয়ন কাজ বাস্তবায়নকারী সকল বিভাগীয় প্রধানগনকে স্ব স্ব বিভাগের ২০০৫-০৬ হতে ২০২২-২৩ অর্থ বছরের উন্নয়ন কাজের খতিয়ান ও বিবরণ প্রস্তুত করে তাঁর দপ্তরে জমা প্রদানের জন্য গত ১৯ জুলাই,২০২৩ খ্রি: তারিখে অনুষ্ঠিত জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় অনুরোধ জানানো হয়েছিল **কিন্তু অধিকাংশ বিভাগ থেকে যথাসময়ে প্রতিবেদন পাওয়া না যাওয়ায় সভাপতি সভায় অসন্তোষ প্রকাশ করেন এবং যে সকল বিভাগ প্রতিবেদন দাখিল করেননি সেই সকল বিভাগীয় প্রধানগনকে ২৮ আগষ্ট,২০২৩ তারিখের মধ্যে** প্রতিবেদন দাখিল করার জন্য পুন: অনুরোধ জানান।

অতঃপর তিনি পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তা (ভাঃ) জনাব টিটন খীসা'কে সভা পরিচালনা ও বিগত সভার কার্যবিবরণী পাঠের অনুরোধ জানান। মুখ্য নির্বাহী কর্মকর্তা উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে গত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং বিস্তারিত আলোচনার পর কোনরূপ পরিবর্তন বা সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়।

৩। সভায় বিভাগ ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ-

| ক্রমিক নং | বিভাগের নাম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ক | খ | গ | ঘ |
| ০১। | **বন বিভাগ** ঃ সহকারী বন সংরক্ষণ কর্মকর্তা তাঁর বিভাগের আগস্ট/২০২৩খ্রি. মাসের কার্যক্রম সম্পর্কে জানান- চলতি ২০২৩-২৪ অর্থ বছরে বিক্রয় বিতরণের জন্য ২০,০০০টি এবং জলবায়ু পরিবর্তনের বিরুপ প্রভাব মোকাবেলায় সারাদেশব্যাপী ব্যাপক বনায়নের লক্ষ্যে চারা উত্তোলন (৪র্থ পর্যায়) শীর্ষক প্রকল্পের আওতায় মাননীয় সংসদ সদস্যের মাধ্যমে বিনামূল্যে জনসাধারণের মাঝে বিতরনের জন্য বিবিধ প্রজাতির ১০,০০০টি চারা উত্তোলনের কর্মসূচির রয়েছে। উক্ত চারা খাগড়াছড়ি বন বিভাগের আওতাধীন বিভিন্ন রেঞ্জে উত্তোলন করা হবে। | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল। | বিভাগীয় বন কর্মকর্তা। |
| ০২। | বাংলাদেশ কৃষি ব্যাংক (লীড ব্যাংক) ঃ জনাব দেবাশীষ ত্রিপুরা, ব্যবস্থাপক, | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে | আঞ্চলিক |

| ক্রমিক নং | বিভাগের নাম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | খাগড়াছড়ি শাখা নিম্নরুপভাবে তাঁর ব্যাংকের কার্যক্রমের প্রতিবেদন সভায় পেশ করেন।<br>২। জেলার ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ও অর্জন এর বিবরণ:<br>ক) শস্য ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৮৪৫০.০০ লক্ষ টাকা, সংখ্যা-২৬৫, অর্জন ২২৫.২৪ লক্ষ, বিতরণের হার ৩% ।<br>খ) অন্যান্য ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ২৫০৫.০০ লক্ষ টাকা, সংখ্যা-১২, অর্জন ৭.৪৭ লক্ষ টাকা।<br>গ) মোট কৃষি ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ১০৯৫৫.০০ লক্ষ টাকা, সংখ্যা-২৭৭, অর্জন ২৩২.৭১ লক্ষ টাকা, বিতরণ হার ২% ।<br>ঘ) মোট এসএমই ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৬৮৯৫.০০ লক্ষ টাকা, সংখ্যা ১৪ অর্জন ৬১.০০ বিতরণের হার ১%।<br>ঙ) সর্বমোট ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ১৭৮৫০.০০ লক্ষ টাকা, সংখ্যা ২৯১ অর্জন ২৯৩.৭১ লক্ষ, বিতরণের হার ২% ।<br>২। জেলার ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ও অর্জন এর বিবরণ:<br>ক) শ্রেণীকৃত ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা- ৩১৮.৫৭ লক্ষ টাকা, সংখ্যা ১০ অর্জন ৫.৭২ আদায়ের হার ২%।<br>খ) সর্বমোট ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা- ৯২৪০.৫৩ লক্ষ টাকা, সংখ্যা অর্জন ২০৬.২৫ লক্ষ টাকা, আদায়ের হার ২%।<br>গ) অনাদায়ী ঋণ স্থিতি ঃ ২০৪৮০.০৮ লক্ষ টাকা এবং শ্রেণীকৃত ঋণ স্থিতি ৬৩১.২৩ লক্ষ টাকা।<br>এছাড়া কোভিড-১৯ এর কারণে সরকার ঘোষিত বিশেষ ৪% সুদে বিশেষ প্রণোদনা ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৫৯৩.০০ লক্ষ টাকা, সংখ্যা-৫৯৪ বিতরণ ৫৯৩.০০ লক্ষ । বিতরণ হার ১০০% । খাগড়াছড়ি জেলার ০৮ টি শাখাসহ সারা বাংলাদেশের ১০৩৮ টি শাখা ঙহষরহব কার্যক্রম পরিচালিত হচ্ছে। Fund Transfer এর বেলায় RTGS, EFTN & Online ব্যাংকিং এ সম্পূর্ণভাবে কমিশন ফ্রি। সকর ধরনের চালান জমা সংক্রান্ত সকল কার্যক্রম জেলাধীন ০৮টি শাখার মাধ্যমে পরিচালিত হচ্ছে। | অবহিত হওয়া গেল। কার্যক্রম স্বাভাবিক । | ব্যবস্থাপক |
| ০৩। | **জেলা খাদ্য বিভাগ** ঃ জেলা খাদ্য নিয়ন্ত্রক জনাব রুপান্তর চাকমা খাগড়াছড়ি জেলায় নতুন যোগদানকারী কর্মকর্তা হিসেবে উপস্থিত সকলের সাথে পরিচয় বিনিময় করেন । তিনি জানান, তিনি কক্সবাজার জেলা হতে খাগড়াছড়িতে যোগদান করেছেন । খাগড়াছড়িতে কর্মকালীন সময়ে তিনি সকলের সহযোগিতা কামনা করেন । অত:পর তিনি তাঁর বিভাগের আগস্ট/২০২৩খ্রি. মাসের কার্যক্রম নিম্নরুপভাবে উপস্থাপন করেন,<br>(ক) জেলার মজুদ ঃ চাল = ৫৫৯৬.১৫৬ মেঃ টন,<br>গম = ১৬৮৬.৫৪৬ মেঃ টন,<br>ধান = ৩২১.০০ মেঃ টন,<br>(খ) বাজার দর ঃ চাল (আতপ)- ৪১/- হতে ৪২/- টাকা<br>চাল (সিদ্ধ)- ৪২/- হতে ৪৩/- টাকা<br>আটা (প্যাকেট)- ৬৫/- হতে ৭০/- টাকা।<br><br>(গ) খাগড়াছড়ি পার্বত্য জেলার মাটিরাংগা উপজেলা থেকে আলাদা করে গুইমারাকে নতুন উপজেলা হিসেবে গঠন করে এর প্রশাসনিক কার্যক্রম ইতোমধ্যে শুরু হয়েছে । তবে মাটিরাঙ্গা উপজেলার প্রধান খাদ্য গুদাম বর্তমানে নবসৃষ্ট উপজেলা গুইমারার আওতাধীন রয়েছে। অর্থাৎ মাটিরাংগা উপজেলা সদরে এখনো খাদ্য গুদাম নেই । বর্তমানে মাটিরাঙ্গা উপজেলায় তবলছড়ি ও তাইন্দং এ ০২টি খাদ্য গুদাম আছে যা উপজেলা সদর হতে যথাক্রমে ৩১ ও ৩৯ কিলোমিটার দূরে অবস্থিত। অপরদিকে মাটিরাংগা সদরের বেলছড়ি ও মাটিরাঙ্গা ইউনিয়ন এবং মাটিরাঙ্গা পৌরসভার বিভিন্ন প্রকল্পের খাদ্যপণ্য ১২ কিলোমিটার দূরে অবস্থিত নবসৃষ্ট উপজেলা গুইমারার খাদ্য গুদাম হতে উত্তোলন করতে হয় | ১। খাগড়াছড়ি পার্বত্য জেলার মাটিরাংগা উপজেলা সদরে কোন খাদ্য গুদাম নাই । মাটিরাংগা উপজেলায় যে ০২টি খাদ্য গুদাম আছে তা উপজেলা সদর হতে যথাক্রমে ৩১ ও ৩৯ কিলোমিটার দূরে তবলছড়ি ও তাইন্দং ইউনিয়নে অবস্থিত। ফলে মাটিরাংগা উপজেলা সদরে কোন খাদ্য গুদাম না থাকায় মাটিরাংগা সদরের বেলছড়ি ও মাটিরাঙ্গা ইউনিয়ন এবং মাটিরাঙ্গা পৌরসভার বিভিন্ন প্রকল্পের সুবিধাভোগীগন খাদ্যপণ্য ১২ কিলোমিটার দূরে অবস্থিত নবসৃষ্ট উপজেলা গুইমারার খাদ্য গুদাম হতে উত্তোলন করতে হয় । | জেলা খাদ্য নিয়ন্ত্রক |

| ক্রমিক নং | বিভাগের নাম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | বিধায় সেবা গ্রহীতাগণ প্রশাসনিক জটিলতাসহ বর্তমানে বহুমুখী সমস্যার সম্মুখীন হচ্ছেন। প্রশাসনিক জটিলতা এড়ানোসহ সেবা গ্রহীতাদের সেবা প্রাপ্তি সহজতর করার নিমিত্ত তাদের আর্থিক সাশ্রয়ের বিষয়টি বিবেচনা করে মাটিরাঙ্গা উপজেলা সদরে ৫০০ মে:টন ধারণক্ষমতা সম্পন্ন ০১(এক) টি খাদ্য গোদাম নির্মাণ করা অপরিহার্য।<br>(ঘ) দিঘীনালা উপজেলার ছোটমেরুং বাজার মাদ্রাসা হতে খাদ্য গুদামের গেইট পর্যন্ত রাস্তাটি খাদ্য শস্যবাহী ট্রাক নির্বিঘ্নে চলাচলের স্বার্থে ট্রাক চলাচল উপযোগী করে মেরামত করার লক্ষ্যে নির্বাহী প্রকৌশলী পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড এর দৃষ্টির আকর্ষন করেন ।<br>(ঙ) খাগড়াছড়ি পার্বত্য জেলার লক্ষীছড়ি উপজেলা সদরে ৫০০ মেঃ টন ধারণ ক্ষমতা সম্পন্ন নতুন খাদ্য গুদাম নির্মাণের বিষয়টি খাদ্য মন্ত্রণালয় অনুমোদিত হয়েছে মর্মে জানা যায় । টেন্ডার প্রক্রিয়া শেষ করে কার্যাদেশ প্রদান করা হলেই লক্ষীছড়িতে খাদ্য গোদাম নির্মাণ শুরু হবে।<br>(চ) খাদ্য বান্ধব কর্মসূচীর আওতায় সেপ্টেম্বর/২৩ ও অক্টোবর/২৩ মাসের জন্য বরাদ্দকৃত চাল আগষ্ট/২৩ মাসের ২২ তারিখের মধ্যে উত্তোলন পূর্বক উপকার ভোগীদের মধ্যে বিতরন সম্পন্ন করার লক্ষ্যে জেলার খাদ্য গোদাম সমূহে পর্যাপ্ত মজুত রয়েছে।<br>(ছ) বোরো ২৩ সংগ্রহ মৌসুমে খাগড়াছড়ি পার্বত্য জেলায় ৪২৫.০০০ মে:টন ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা পাওয়া গেছে এবং ২০/০৮/২০২৩খ্রি. তারিখ পর্যন্ত ৩২১.০০০ মে: টন সংগৃহীত হয়েছে । | এতে সেবা গ্রহীতাগণ প্রশাসনিক জটিলতাসহ বর্তমানে বহুমুখী সমস্যার সম্মুখীন হচ্ছেন। তাই প্রশাসনিক জটিলতা এড়ানোসহ সেবা গ্রহীতাদের সেবা প্রাপ্তি সহজতর করার নিমিত্তে এবং তাঁদের আর্থিক সাশ্রয়ের বিষয়টি বিবেচনা করে মাটিরাঙ্গা উপজেলা সদরে ৫০০ মে:টন ধারণ ক্ষমতা সম্পন্ন ০১ (এক)টি খাদ্য গুদাম নির্মাণ করার প্রস্তাবটি সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন প্রদান করা হয় । | |
| ০৪। | স্বাস্থ্য বিভাগ ঃ সিভিল সার্জন খাগড়াছড়ি তাঁর বিভাগের জুলাই/২৩ বাৎসরিক প্রতিবেদন সম্পর্কে জানান:<br>**ক। ম্যালেরিয়া তথ্য-**<br>০১। ইউ,এম - ৬৪ জন ০২। এস,এম - ০৭ জন<br>০৩। ভি,এম- ৪৫ জন<br>০৪। মোট আক্রান্ত ম্যালেরিয়া রোগীর সংখ্যা- ১১৬ জন<br>০৫। মোট ম্যালেরিয়া মৃত রোগীর সংখ্যা- ০ জন।<br>জানু হতে এ পর্যন্ত ম্যালেরিয়া আক্রান্ত সংখ্যা= ২৯৫ জন।<br>**(খ)** জানু হতে এ পর্যন্ত ডেঙ্গু আক্রান্ত সংখ্যা= ৩৪১ জন।<br>**খ। ডায়রিয়া তথ্য**<br>১। মোট ডায়রিয়া রোগীর সংখ্যা- ২০৪৪ জন<br>২। মোট ডায়রিয়া রোগীর মৃত সংখ্যা- নাই।<br>খ। এ,আর,আই,(০-৫) বছর শিশু<br>১। মোট এ,আর,আই,আক্রান্ত রোগীর সংখ্যা-২২০৭ জন<br>২। মোট মৃত রোগীর সংখ্যা- ০৪ জন<br>গ। জেলার মোট চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা =৫২৬৭০ জন।<br>ঘ। জেলার মোট মৃত রোগীর সংখ্যা = ৩৬ জন।<br>ঙ। জেলার মোট শয্যা ব্যবহারের হার = ৯২%।<br>**চ। ইওসি(জরুরী প্রসুতি সেবা ) তথ্য-**<br>০১। এ,এন,সি- ১৪৬৪ জন, ০২। ভর্তি রোগীর সংখ্যা- ৭২৫ জন ০৩। জটিল রোগীর সংখ্যা- ১২৯। স্বাভাবিক জন্ম- ৩৬৩ জন ০৫। ভেকুয়াম- নাই ০৬। ভেজাইনাল ব্রিজ ডেলিভারী-০৪ জন, ০৭। সিজারিয়ান- ৫০ জন, ০৮। জীবিত জন্ম- ৪০৯ জন, ০৯। মৃত জন্ম- ১০ জন, ১০। রেফার রোগী গ্রহন-২৬ জন, ১১। রেফার রোগী প্রেরন- নাই ১২। পি, এন, সি- ৬৩৫ জন, ১৩। মাতৃ মৃত্যু- ০০জন, ১৪। নবজাতক মৃত্যু-০৮ জন।<br>**ছ। মাসিক টিকাদান রিপোর্ট (ই পি আই)--**<br>১। মাসিক লক্ষ্যমাত্রা(০-১১) মাস শিশু-১৮৫৫৮, তৎমধ্যে বিসিজি অর্জিত-১৫১৫, প্যান্টা (১ম ডোজ অর্জিত সংখ্যা)- ১৫৪৮, প্যান্টা (২য় ডোজ অর্জিত সংখ্যা)- ১৬৩০, প্যান্টা (৩য় ডোজ অর্জিত সংখ্যা)- ১৭৭৪। | ২০১৪ সালে ১১৫ বর্গকিলোমিটার এলাকা নিয়ে গঠিত গুইমারা উপজেলায় এখনো স্বাস্থ্য কমপ্লেক্স নির্মিত হয় নাই। গুইমারা উপজেলার জনসাধারণের স্বাস্থ্য সেবা সুনিশ্চিত করার লক্ষ্যে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ভবন নির্মাণসহ ডাক্তার, নার্স এবং সহযোগি কর্মচারীদের অর্গানোগ্রাম অতিশিঘ্রই গঠন করার বিষয়ে সভায় একমত পোষন করা হয় । এ বিষয়ে উর্ধ্বন কর্তৃপক্ষের সাথে পত্রালাপ অব্যাহত রাখার জন্য সিভিল সার্জন, খাগড়াছড়ি'কে অনুরোধ জানানো হয় । | সিভিল সার্জন, খাগড়াছড়ি |

| ক্রমিক নং | বিভাগের নাম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | ২। পিসিভি (১ম ডোজ অর্জিত সংখ্যা)-১৫৪৮, পিসিভি (২য় ডোজ অর্জিত সংখ্যা)- ১৬৩০, পিসিভি (৩য় ডোজ অর্জিত সংখ্যা)- ১৭৭৪।<br>৩। ওপিভি অর্জিত সংখ্যা (১ম-৪র্থ ডোজ পর্যন্ত) - ৫০৫২, আইপিভি অর্জিত সংখ্যা- ১৫৪৮, ২য় ডোজ ১৭৭৪।<br>৪। এম,আর, ১ম ডোজ অর্জিত -১৬১৭ জন, এম আর ২য় ডোজ অর্জিত সংখ্যা- ১৪৮১ জন।<br>৫। গর্ভবতী মহিলার টিটি লক্ষ্যমাত্রা- ১২৫০৪, টিটি গর্ভবতী মহিলা অর্জিত সংখ্যা (০১- ০৫ম ডোজ পর্যন্ত) ১২৩১ জন।<br>৬। অন্যান্য মাসিক মহিলা (১৫-৪৯) বছর বয়সী মহিলার টিটি লক্ষ্যমাত্রা- ৫৭২৬ জন, তৎমধ্যে অর্জিত সংখ্যা (০১-০৫ম ডোজ) -৬৯৭১ জন।<br>৭। মাসিক প্রসুতি মায়ের ভিটামিন"এ" প্রাপ্ত-১১৬২ জন,<br>৮। জেলার মোট ডাক্তারের সংখ্যা মঞ্জুরীকৃত- ১৩২ জন, কর্মরত- ৭৬ জন, শুন্যপদ- ৫৬ টি। (সংযুক্তি-৪৮ জনসহ) ।<br>৯। জেলা মোট নার্স এর সংখ্যা মঞ্জুরীকৃত ৩০৫ জন, কর্মরত- ১৪৭ জন এবং শূণ্যপদ ১৫৮টি।<br>**১০. কমিউ নিটি ক্লিনিক তথ্য--**<br>ক। মোট প্রস্তাবিত কমিউনিটি ক্লিনিক সংখ্যা- ১৪৬ টি, চালু সংখ্যা- ১০৯টি।<br>খ। সিএইচপি কর্মরত ১১২টি এবং শুনপদ নাই ।<br>১১. কোভিড-১৯ ভ্যাকসিন সংক্রান্ত তথ্য (২০/০৮/২০২৩ পর্যন্ত)= অত্র জেলা মোট রেজিস্ট্রেশনকারীর সংখ্যা-৪০৯৫৩৬, ভ্যাকসিন সম্পন্নকারীর সংখ্যা: ১ম ডোজ=৬২৫,৭৫০ জন, ২য় ডোজ=৫৭২৬৩৪ জন, ৩য় ডোজ=২৩৭,৫২২জন, ৪র্থ ডোজ=২৯০১৭ জন। (৫-১১) বয়সী শিশুদের ফাইজার টিকা প্রদানের লক্ষ্যমাত্রা-৯৫,০০০জন। টিকা সম্পন্নকারী সংখ্যা ১ম ডোজ-৮২৬১৫ জন, ২য় ডোজ- ৫৯৪৭৭ জন।<br>১২. কোভিড-১৯ ভ্যাকসিন সংক্রান্ত তথ্য : ২০/০৮/২০২৩ পর্যন্ত মোট টেষ্ট- ২২৬৪৯, আক্রান্তের সংখ্যা-৩৮৭৯ জন, হাসপাতাল হতে ছাড়প্রাপ্ত রোগীর সংখ্যা-৩৮৩৭ জন। এ পর্যন্ত মৃত্যুর সংখ্যা-৪১ জন। বর্তমানে হাসপাতালের ভর্তি রোগী নাই।<br>২০১৪ সালে ১১৫ বর্গকিলোমিটার এলাকা নিয়ে গঠিত গুইমারা উপজেলায় স্বাস্থ্য কমপ্লেক্স নাই। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ভবন নির্মাণসহ ডাক্তার+নার্স স্টাফ অর্গানোগ্রাম অতিশিঘ্রই গঠন হওয়ার দরকার বলে সিভিল সার্জন সভায় জানান । | | |
| ০৫। | <u>পাহাড়ী কৃষি গবেষণা কেন্দ্র, খাগড়াছড়ি</u> ঃ বৈজ্ঞানিক কর্মকর্তা তাঁর বিভাগে আগষ্ট/২০২৩ মাসের কার্যক্রম সম্পর্কে জানান-<br>* অঙ্গন প্রজননের (কাটিং) এর মাধ্যমে কফির চারা উৎপাদান কার্যক্রমের গবেষণা চলমান রয়েছে।<br>* মুগ বীনের উপর গবেষণা চলমান।<br>* এগ্রোফরেষ্ট ও কন্দাল ফসলের উপর গবেষণা চলমান।<br>* কৃষক পর্যায়ে উপযোগিতা পরীক্ষায় নতুন কফি বাগান স্থাপনের লক্ষ্যে চারা তিরণ করা হয়েছে।<br>* কৃষক পর্যায়ে স্থাপিত গবেষণা মাঠে প্রয়োজনীয় সার বিতরণ।<br>* বিভিন্ন ফসলের উপর ২৭ টি গবেষণা কার্যক্রম চলমান রয়েছে।<br>* কৃষক মাঠে বারি কফি-১ এর নতুন বাগান স্থাপন চলমান।<br>* মাননীয়, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে পতিত জলাবদ্ধ জমি ব্যবহার উপযোগী করে ধান চাষ।<br>* বারি উদ্ভাবিত কাঠাঁলের উচ্চ ফলনশীল জাত সমূহের মাতৃবাগান স্থাপন।<br>* ০৫/০৮/২০২৩ হতে ১৭/০৮/২০২৩ খ্রি. উদ্যানতত্ব, কৃষিতত্ত্ব, কটিতত্ত্ব এবং উদ্ভিদ রোগতত্ত্ব এন অভ্যন্তরীণ গবেষণা পর্যালোচনা ও কর্মসূচী প্রণয়ন কর্মশালায়-২০২৩-এ অংশগ্রহণ।<br>দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল । | মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা |

| ক্রমিক নং | বিভাগের নাম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০৬। | **পাহাড়াঞ্চল কৃষি গবেষণা কেন্দ্র, রামগড় ঃ** প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা তাঁর বিভাগে **জুলাই/২০২৩** মাসের কার্যক্রম সম্পর্কে জানান-<br>১। ২০২২-২৩ অর্থ বছরের গবেষণা রিপোর্ট এবং এবং ২০২৩-২৪ সালের নতুন গবেষণা কর্মসূচী বিগত ৫-১০ইং আগষ্ট ২০২৩ইং আভন্তরীন গবেষণা সম্প্রসারণ কর্মশালায় উপস্থপন করা হয়েছে।<br>২। কেন্দ্রের বিভিন্ন জায়গায় সৌন্দয্য বর্ধনের উদ্দেশ্যে ফুল ও শোভাবর্ধনকারী উদ্ভিদ রোপন করা হয়েছে।<br>৩। কাজুবাদামের নতুন বাগান স্থাপনের উদ্দেশ্যে জমি তৈরী করা হচ্ছে।<br>৪। কেন্দ্রের অফিস ভবন, আবাসিক ভবন ও অন্যান্য স্থাপনা মেরামতের কার্যক্রম চলছে।<br>৫। গবেষণা কাজের বিভিন্ন যন্ত্রপাতির মেরামতের কার্যক্রম চলছে।<br>৬। অন্যান্য দাপ্তরিক কাজ চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল । | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা |
| ০৭। | **জেলা মৎস্য বিভাগ ঃ** জেলা মৎস্য কর্মকর্তা তাঁর বিভাগের জুলাই/২০২৩খ্রি. মাসের বিভাগীয় অগ্রগতির কার্যক্রম সম্পর্কে জানান-<br>১। জলাশয়ে অবমুক্তকৃত পোনার পরিমান-লক্ষ্যমাত্রা ১.৫ মে.টন, অর্জন ০।<br>২। মৎস্যজীবী/সুফলভোগীদের জলাশয় ব্যবস্থাপনা/আইন প্রতিপালন বিষয়ক সচেতনতা সৃষ্টি/উদ্বুদ্ধকরণ সভা-লক্ষ্যমাত্রা ৫.০ অর্জন ০ টি।<br>৩। মৎস্য সম্পদ উন্নয়নে আইন বাস্তবায়ন পরিচালিত অভিযান-লক্ষ্যমাত্রা-২৫ অর্জন ০টি।<br>৪। স্থাপিত প্রদর্শনী খামার লক্ষ্যমাত্রা-১০, অর্জন ০টি।<br>৫। আয়োজিত মৎস্য মেলা/ উদ্ভাবনী মেলা/ মৎস্যচাষী র‍্যালি- লক্ষ্যমাত্রা-০৫, অর্জন ০টি।<br>৬। তৈরি/উন্নয়নকৃত মৎস্য/চিংড়ি উৎপাদনকারীর সংগঠন লক্ষ্যমাত্রা ১০টি,অর্জন ০ টি।<br>৭। মৎস্যচাষ ব্যবস্থাপনা উন্নয়নে পরিদর্শন ও পরামর্শ প্রদান- লক্ষ্যমাত্রা-৫২০, অর্জন ৫৬ টি।<br>৮। মৎস্যচাষি, মৎস্যজীবিসহ অন্যান্য সুফলভোগীদের প্রশিক্ষণ প্রদান- লক্ষ্যমাত্রা-৩০০, অর্জন ০টি।<br>৯। দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদের সংখ্যা লক্ষ্যমাত্রা-১৫, অর্জন ০ জন।<br>১০। খাগড়াছড়ি মিনি মৎস্য হ্যাচারি : ৩৮ কেজি রেণু ও ১,১৭,২০০টি পোনা এবং ২০০ কেজি ঝিনুক উৎপাদন কার্যক্রম চলমান রয়েছে ।<br>বিভাগীয় সুশাসন ও সংস্কারমূলক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল । | জেলা মৎস্য কর্মকর্তা |
| ০৮। | **প্রাণি সম্পদ বিভাগ ঃ** জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা তাঁর বিভাগের জুলাই/২০২৩খ্রি. মাসের বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানান,<br>**(ক) সম্প্রসারণ কার্যক্রম ঃ**<br>**(১) গবাদি পশু টিকা প্রদান ঃ-** বার্ষিক লক্ষ্যমাত্রা ২০০০০০, চলতি মাসে অর্জন ০ মাত্রা, জুলাই হতে ক্রমপুঞ্জি- ০ মাত্রা। মাসিক অর্জনের হার ০%।<br>**(২) হাঁস-মুরগী টিকা প্রদান ঃ-** বার্ষিক লক্ষ্যমাত্রা- ১৮০০০০০ চলতি মাসে অর্জন- ০ মাত্রা, জুলাই হতে ক্রমপুঞ্জি- ০ মাত্রা। মাসিক অর্জনের হার- ০%।<br>**(৩) গবাদিপশু চিকিৎসা সেবা প্রদান ঃ-** বার্ষিক লক্ষ্যমাত্রা ১৩০০০০, চলতি মাসে অর্জন ৯৭৬৪ মাত্রা, জুলাই হতে ক্রমপুঞ্জি- ৯৭৬৪ মাত্রা। মাসিক অর্জনের হার ৭.৫১ %।<br>(৪) পোল্ট্রি চিকিৎসা সেবা প্রদান: বার্ষিক লক্ষ্যমাত্রা- ৯৭০০০০, চলিত মাসে অর্জন- ৭২৩৪৭ মাত্রা, জুলাই হতে ক্রমপুঞ্জি- ৭২৩৪৭ মাত্রা। মাসিক অর্জনের হার ৭.৪৫ %।<br>**(খ) রাজস্ব সংক্রান্ত ঃ** জুলাই/২৩ ইং গবাদিপশু ও হাঁস-মুরগী টিকা বীজের বিক্রয়লব্দ ০ টাকা মাত্র ট্রেজারী চালানের মাধ্যমে রাজস্ব খাতে জমা প্রদান করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল । | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |

| ক্রমিক নং | বিভাগের নাম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | (গ) খামার রেজিষ্ট্রেশন: গাভীর খামার ০ টি ,ছাগলের খামার ০ ।<br>(ঙ) প্রশিক্ষণ: ০ জন। বিভাগীয় অন্যান্য কার্যক্রম। | | |
| ০৯। | **জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র ঃ** উপ-পরিচালক অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না । | | |
| ১০। | **বিএডিসি (ক্ষুদ্র সেচ) ঃ সহকারী প্রকৌশলী**, জেলা বিএডিসি কেন্দ্রের আগষ্ট/২০২৩খ্রি. মাসের বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানান-<br>সৌরশক্তি ব্যবহারের মাধ্যমে ক্ষুদ্রসেচ উন্নয়ন প্রকল্পের আওতায় দীঘিনালা উপজেলার ৪নং দীঘিনালা ইউনিয়নের ৫১নং দীঘিনালা মৌজায় ০১টি ০.৫ কিউসেক সোলার এলএলপি এর নির্মাণ কাজ চলতেছে। ইতোমধ্যে বারিড পাইপ সেচ নালা নির্মাণ কাজ শেষ হয়েছে এবং পাম্প হাইজের নির্মাণ কাজ চলমান রয়েছে । সোলার স্ট্রাকচার নির্মাণ কাজ শেষ হয়েছে। কাজের ভৌত অগ্রগতি ৭৫%। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | নিয়মিত সভায় যোগদানের জন্য অনুরোধ করা হল । | সহকারী প্রকৌশলী |
| ১১। | **জেলা শিক্ষা বিভাগ (মাধ্যমিক) ঃ** জেলা শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি তাঁর বিভাগের আগষ্ট/২৩ মাসের কার্যক্রম সম্পর্কে জানান,<br>১। মাটিরাঙ্গা উপজেলাধীন তাইন্দং উচ্চ বিদ্যালয়ে গত ৫/০৮/২০২৩খ্রি. তারিখে ০৩টি প্রতিষ্ঠানের শিক্ষক ও ১০ম শ্রেণীর শিক্ষার্থীদের নিয়ে সভা অনুষ্ঠিত হয় ।<br>২। পানছড়ি উপজেলা গত ১৯/০৮/২০২৩খ্রি. তারিখে মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণের সাথে শিক্ষার গুণগত মান্নোয়নে মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়।<br>৩। শিক্ষা প্রতিষ্ঠানের পরিদর্শন কার্যক্রম চলমান রয়েছে।<br>৪। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম যথাযথভাবে অব্যাহত আছে । | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল। | জেলা শিক্ষা অফিসার |
| ১২। | **বিএডিসি (বীজ) ঃ** উপ-সহকারী পরিচালক আগস্ট/২৩ মাসের কার্যক্রম সম্পর্কে জানান- ২০২৩-২৪ বিতরণবর্ষে খরিপ-২/ মৌসুমে খাগড়াছড়ি জেলায় প্রণোদনা কর্মসূচীর আওতায় কৃষি সম্প্রসারণের জন্য এমডি-২ (সুপার সুইট) জাতের আনারস চারা ৯০ টন বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দকৃত ৯০ টন এমডি-২ (সুপার সুইট) জাতের আনারস চারা জেলা কৃষি সম্প্রসারণের নিকট হস্তান্তর করা হয়েছে। তাছাড়া সাধারণ কর্মসূচির জন্য খরিপ-২ মৌসুমে মিষ্টি কুমড়া, কলমি, শসা, বরবটি, চিচিংগা ও চালকুমড়া বীজ বিক্রয় কার্যক্রম চলমান রয়েছে।<br>এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে । | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল। | উপ-সহকারী পরিচালক। |
| ১৩। | কৃষি-সম্প্রসারণ বিভাগ ঃ উপ-পরিচালক এর প্রতিনিধি তাঁর বিভাগের আগষ্ট/২০২৩খ্রি: মাসের অগ্রগতির প্রতিবেদন সভায় পেশ করেন যা নিম্নরূপ ঃ<br>১। ২০২৩-২৪ মৌসুমে আউশ ধান আবাদের বর্তমান অবস্থা:<br>* হাইব্রিড: লক্ষ্যমাত্রা -০ হেক্টর, আবাদের অগ্রগতি -২৫ হেক্টর ।<br>* উফশী: লক্ষ্যমাত্রা -২৩০০ হেক্টর, আবাদের অগ্রগতি-১৪৩৭ হেক্টর ।<br>* স্থানীয়: লক্ষ্যমাত্রা -২২০০ হেক্টর, আবাদের অগ্রগতি- ১০৫৯ হেক্টর।<br>২। গ্রীষ্মকালীন আবাদ পরিস্থিতি :<br>* গ্রীষ্মকালীন সবজি : আবাদের লক্ষ্যমাত্রা-৪৩০০ হেঃ, আবাদ-৪২২০ হেঃ কর্তনকৃত- ৭৮০ হেঃ । তিল : আবাদের লক্ষ্যমাত্রা-৫৫ হেঃ, আবাদ-৬০ হেঃ কর্তনকৃত-০ হেঃ । মরিচ : আবাদের লক্ষ্যমাত্রা-৯০ হেঃ, আবাদ-১০১ হেঃ কর্তনকৃত-০ হেঃ । গ্রীষ্ম পেয়াজ : ০, আবাদের লক্ষ্যমাত্রা-০ হেঃ, কর্তনকৃত-০ হেঃ। ভুট্টা : আবাদের লক্ষ্যমাত্রা-১৪৫ হেঃ, আবাদ-১৪২ হেঃ কর্তনকৃত-০ হেঃ। আদা : আবাদের লক্ষ্যমাত্রা- ২৭০০ হেঃ, আবাদ- ২৯৯০ হেঃ, কর্তনকৃত-০ হেঃ। হলুদ : আবাদের লক্ষ্যমাত্রা- ৩৯০০ হেঃ, আবাদ- ৪২৭২ হেঃ, কর্তনকৃত-০ হেঃ।<br>৩। রাসায়নিক সার পরিস্থিতি : (২০/০৮/২০২৩)<br>ইউরিয়া : মজুদের পরিমাণ -৫১৩ মেঃটন, বস্তাপ্রতি মূল্য -১৩৫০ টাকা | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল। | উপ-পরিচালক. কৃষি সম্প্রসারণ |

| ক্রমিক নং | বিভাগের নাম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | টিএসপি: মজুদের পরিমাণ -৪৮২ মে:টন, বস্তাপ্রতি মূল্য -১৩৫০ টাকা<br>এমওপি : মজুদের পরিমাণ -২৪১ মে:টন, বস্তাপ্রতি মূল্য -১০০০ টাকা<br>ডিএপি : মজুদের পরিমাণ -৪৭৯+ মে:টন, বস্তাপ্রতি মূল্য -১০৫০ টাকা<br>৩৬ জন বিসিআইসি ডিলার এবং ২২১ জন খুচরা সার বিক্রেতাদের মাধ্যমে কৃষক পর্যায়ে সার উত্তোলন ও বিপনন চলছে। সারের কোন সংকট নেই।<br>৪। গত ০৩/০৮২০২৩ হতে ১৩/০৮/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত অতিবৃষ্টি ও পাহাড়ী ঢলে খাগড়াছড়ি পার্বত্য জেলায় ১৩০ হে: জমির গ্রীষ্মকালীন সবজি নষ্ট হয়েছে। বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | | |
| ১৪। | **নির্বাহী প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড** ঃ সহকারী প্রকৌশলী জানান- ক) কোড নং- ২২১০০১১০০ এর আওতায় স্কীমের সংখ্যা ২৬০ টি, সমাপ্তকৃত প্রকল্প সংখ্যা ০টি, ২০২৩-২৪ অর্থ বছরে বরাদ্দ ০ টাকা ও ২০আগস্ট/২০২৩ খ্রি. পর্যন্ত ভৌত অগ্রগতি ১০% এবং<br>খ) কোড নং- ২২১০০০৯০০ এর আওতায় স্কীমের সংখ্যা ২৭টি, সমাপ্তকৃত প্রকল্প সংখ্যা ০টি, ২০২৩-২৪ অর্থ বছরে বরাদ্দ ০ টাকা ২০আগস্ট/২০২৩ খ্রি. পর্যন্ত ভৌত অগ্রগতি ৮%। | ১। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল । | নির্বাহী প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড । |
| ১৫। | **গণপূর্ত বিভাগ** ঃ উপস্থিত সহকারী প্রকৌশলী জনাব মনিরুল ইসলাম খন্দকার তাঁর বিভাগের কার্যক্রম সম্পর্কে জানান,<br>১. এপিবিএন খাগড়াছড়ি স্পেশিয়ালাইজড ট্রেনিং সেন্টার এর ৬ তলা ভিত বিশিষ্ট ২য় তলা প্রশাসনিক ভবন নির্মান কাজ এর অনুমোদিত দরপত্র মূল্য ৩২৪.২৯ লক্ষ টাকা, মোট বরাদ্দ ২১০.০০ লক্ষ টাকা, ব্যয় ২১০.০০ লক্ষ টাকা এবং ভৌত অগ্রগতি ৮৫%।<br>২. খাগড়াছড়ি জেলাস্থ সদর হাসপাতাল ১০০ শয্যা হতে ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল এ উন্নতকরণ কাজ এর অনুমদিত দরপত্র মূল্য ৩৫৩৫.৯৮ লক্ষ টাকা, মোট বরাদ্দ ৩২৮৩.৮৬ লক্ষ টাকা, ব্যয় ৩২৮৩.৮৬.০০ লক্ষ টাকা এবং ভৌত অগ্রগতি ৫৮%।<br>৩. খাগড়াছড়ি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনষ্টিটিউটের অবকাঠামো উন্নয়ন কাজ এর অনুমদিত দরপত্র মূল্য ৬৯৮.৮৩ লক্ষ টাকা, মোট বরাদ্দ ৩৯৭.০০ লক্ষ টাকা, ব্যয় ৩৯৭.০০ লক্ষ টাকা এবং ভৌত অগ্রগতি ৭৩%।<br>৪. খাগড়াছড়ি এপিবিএন বিশেষায়িত ট্রেনিং সেন্টার আধুনিক সুবিধা সম্বলিত মাল্টিপারপাস কল্যান সেড (সিভিল, স্যানিটারী বৈদ্যুতিক) নির্মান কাজ এর অনুমদিত দরপত্র মূল্য ২২৭.৬৪ লক্ষ টাকা, মোট বরাদ্দ ২২৪.১৮ লক্ষ টাকা, ব্যয় ২২০.৫০ লক্ষ টাকা এবং ভৌত অগ্রগতি ৯৭%।<br>৫. ০৬ এপিবিএন মহালছড়ি, খাগড়াছড়ির পুলিশ লাইন্সে ৬তলা ভিত বিশিষ্ট ২তলা প্রশাসনিক ভবন নির্মাণ কাজ এর অনুমদিত দরপত্র মূল্য ৪০৮.৬৫ লক্ষ টাকা, মোট বরাদ্দ ২৫০.০০ লক্ষ টাকা, ব্যয় ২৫০.০০ লক্ষ টাকা এবং ভৌত অগ্রগতি ৯০%।<br>৬. খাগড়াছড়ি জেলা ও নতুন পুলিশ লাইন্সে ৬ তলা ভিত বিশিষ্ট পুরুষ ব্যারাক ভবনের ৪র্থ তলা নির্মাণ (সিভিল, স্যানিটারী ও বৈদুতিক) কাজ এর ডিপিপি মূল্য ১২.২৬ লক্ষ, বরাদ্দ ১২৫.০০, ব্যয় ১২৫.০০ লক্ষ টাকা এবং ভৌত অগ্রগতি ৩৫%।<br>৭. প্রতিটি জেলা ও উপজেলায় একটি করে ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন" শীর্ষক প্রকল্পের আওতায় খাগড়াছড়ি জেলা সদর উপজেলা মডেল মসজিদ নির্মাণ কাজের অগ্রগতি ৯৬%, মানিকছড়ি উপজেলার মডেল মসজিদ নির্মাণ কাজের অগ্রগতি ৯৬%, পানছড়ি উপজেলার মডেল মসজিদ নির্মাণ কাজের অগ্রগতি ৯৮%, মাটিরাংগা উপজেলার মডেল মসজিদ নির্মাণ কাজের অগ্রগতি ৯৮%, জেলা সদর মডেল মসজিদ নির্মাণ কাজের অগ্রগতি ২০%, গুইমারা উপজেলার মডেল মসজিদ নির্মাণ কাজের অগ্রগতি ২০%, দীঘিনালা মডেল মসজিদ নির্মাণ কাজের অগ্রগতি ১৫% ।<br>এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল । | নির্বাহী প্রকৌশলী |

| ক্রমিক নং | বিভাগের নাম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১৬। | **<u>সওজ সড়ক বিভাগ</u> ঃ অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না ।** | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল । | নির্বাহী প্রকৌশলী |
| ১৭। | **<u>নির্বাহী প্রকৌশলী (বিউবো)</u> ঃ অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না ।** | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল । | নির্বাহী প্রকৌশলী |
| ১৮। | **<u>পানি উন্নয়ন বোর্ড</u>** ঃ সহকারী প্রকৌশলী তাঁর বিভাগের কার্যক্রম সর্ম্পকে/প্রকল্পের অগ্রগতির প্রতিবেদন নিম্নরূপ ভাবে পেশ করেন:<br>* প্রকল্পের নাম:- খাগড়াছড়ি শহর ও তৎসংলগ্ন অবকাঠামো ভাঙ্গন হতে সংরক্ষণ প্রকল্প।<br>* কাজের ধরণ:- খাগড়াছড়ি শহর ও তৎসংলগ্ন অবকাঠামো নদী ভাঙ্গন হতে সংরক্ষণ।<br>* কাজের দৈর্ঘ্য:- ১০.১৮৫ কি:মি:।<br>* চেঙ্গী নদী ড্রেজিং কাজ:- ৫৯.০৩ লক্ষ ঘ.মি।<br>* মাইনী নদী ড্রেজিং কাজ:- ৭৬.৩৫ লক্ষ ঘ.মি।<br>* প্রকল্প মূল্য:- ৫৮৬০০.৮৯ লক্ষ টাকা।<br>* বাস্তব অগ্রগতি:- ৪.৬০%।<br>বিভাগের অন্যান্য কার্যক্রমও স্বাভাবিক আছে । | প্রকল্পের আওতাধীন কোন কোন এলাকায় নদীর ভাঙ্গনরোধকল্পে কাজ চলছে তার একটি তালিকা পরবর্তী সভায় দাখিল করার জন্য অনুরোধ করা হল । | উপ-বিভাগীয় প্রকৌশলী |
| ১৯। | **<u>জেলা প্রাথমিক শিক্ষা বিভাগ</u>** ঃ উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা(ভাঃ) সদর তাঁর বিভাগের কার্যক্রম সম্পর্কে জানান,<br>১। ইউনিয়ন ও উপজেলা পর্যায়ে স্থগিতকৃত " বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্ণামেন্ট -২০২৩ ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেসা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্ণামেন্ট ২০২৩" সম্পন্ন হয়েছে।<br>২। খাগড়াছড়ি পার্বত্য জেলায় প্রাথমিক শিক্ষা বিভাগের ৫৯৩টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রথম শ্রেণির শিক্ষক সহায়িকা বিতরণ করা হয়েছে।<br>৩। বিদ্যালয় পর্যায়ের ২য় প্রান্তিক মূল্যায়ন অদ্য ২১/০৮/২০২৩ খ্রি. তারিখ থেকে চলছে।<br>৪। প্রাথমিক পর্যায়ের শিক্ষার্থীদের মাঝে উপবৃত্তি বিতরণ কার্যক্রম চলমান। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল । | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার |
| ২০। | **<u>শিক্ষা প্রকৌশল অধিদপ্তর</u>** ঃ সহকারী প্রকৌশলী, তাঁর বিভাগের চলমান কার্যক্রম এর প্রতিবেদন সম্পর্কে জানান-<br>১. তথ্য প্রযুক্তির সহায়তায় শিক্ষার মান্নোয়নের লক্ষ্যে নির্বাচিত বেসরকারী কলেজসমূহের উন্নয়ন শীর্ষক প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প ১০টি এবং অগ্রগতি ১০০%।<br>২. নির্বাচিত বে-সরকারী মাধ্যমিক বিদ্যালয় সমূহের উন্নয়ন "শীর্ষক প্রকল্পের ১০টি স্কীমে ০৬টি সমাপ্ত ০৪টি অসমাপ্ত রয়েছে এবং অগ্রগতি ৯৫%।<br>৩. নির্বাচিত বে-সরকারী মাধ্যমিক বিদ্যালয় সমূহের উর্দ্ধমুখী সম্প্রসারণ শীর্ষক প্রকল্পের ১০টি স্কীমের মধ্যে ০৭টি, সমাপ্ত ০৩টি অসমাপ্ত রয়েছে এবং অগ্রগতি ৯৮.৬০%। কাজ চলমান রয়েছে।<br>৪. ১০০টি উপজেলায় ১টি করে টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ স্থাপন (প্রথম সংশোধিত) শীর্ষক প্রকল্পের আওতায় বাস্তাবায়নাধীন প্রকল্প ১টি এবং অগ্রগতি ৬৭%।<br>৫. সরকারি মাধ্যমিক বিদ্যালয় সমূহের উন্নয়ন শীর্ষক প্রকল্প এর বাস্তবায়নাধীন প্রকল্প ১২টি স্কীমের মধ্যে সমাপ্তকৃত ০২, অসমাপ্ত ১০ । অগ্রগতি ৬৬%।<br>৬. ৬৪টি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ সক্ষমতা বৃদ্ধির শীর্ষক প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প ১টি এবং অগ্রগতি ৫৯%।<br>৭. নির্বাচিত মাদ্রাসা সমূহের উন্নয়ন শীর্ষক প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প | ১। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল । | নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল বিভাগ। |

| ক্রমিক নং | বিভাগের নাম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | ০৬টি, সমাপ্ত ০২টি অসমাপ্ত ০৫টি এবং অগ্রগতি ৬৫%। | | |
| ২১। | **এলজিইডি** ঃ সহকারী প্রকৌশলী তাঁর বিভাগের কার্যক্রম সম্পর্কে জানান-<br>১। ২০২২-২৩ অর্থ বছরে গ্রামীণ সড়ক ও কালভার্ট মেরামতের প্রকল্পের আওতাধীন কাজগুলোর মধ্যে ৪টি কাজ ছাড়া বাকি সব গুলো কাজ সম্পন্ন হয়েছে। ২০২৩-২৪ অর্থবছরের গ্রামীণ সড়ক ও কালভার্ট মেরামত প্রকল্পের আওতায় ১৯টি স্কীমের অনুমোদন পাওয়া গিয়েছে। দরপত্র প্রক্রিয়াধীন রয়েছে।<br>২। কৃষি জমির সর্বোত্তম ব্যবহার এবং কৃষিকাজে সহায়তার জন্য পানছড়ি, মহালছড়ি, খাগড়াছড়ি সদর উপজেলায় SSSWRDP-3 এর ৩টি প্রকল্পের মধ্যে ২টি প্রকল্প ইতি মধ্যে সম্পন্ন হয়েছে। চলমান ১টি কাজ প্রকল্প ২০২৩-২৪ অর্থবছরের মধ্যেই সমাপ্ত হবে।<br>৩। সামাজিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় বর্তমানে ৬টি সাইটের কাজ চলমান আছে। নতুন ডিপিপিভুক্ত স্কীমসমূহের অনুমোদন পাওয়া গিয়েছে। দরপত্র প্রক্রিয়াধীন।<br>৪। অগ্রাধিকার ভিত্তিতে গুরুত্বপূর্ণ পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প-৩ আওতায় ৩টি প্রকল্পের কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। বর্তমানে ১১টি প্রকল্পের কাজ বিভিন্ন উপজেলায় চলমান আছে। চলমান ১১টি প্রকল্প ২০২৩-২৪ অর্থবছরের মধ্যেই সমাপ্ত হবে ।<br>৫। তিন পার্বত্য জেলার দূর্যোগে ক্ষতিগ্রস্থ পল্লী সড়ক উন্নয়ন প্রকল্প এর আওতায় বর্তমানে ১৮টি প্রকল্প বিভিন্ন উপজেলায় চলমান আছে এবং ৮টি উন্নয়নমূলক কাজ প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক বাতিলের অনুমোদন পায়ায় সেগুলো বাতিল করা হয়েছে। চলমান প্রকল্প ২০২৩-২৪ অর্থবছরের মধ্যেই সমাপ্ত হবে।<br>৬। গ্রাম সড়ক পুর্নবাসন প্রকল্পের আওদায় এর আওতায় ৫টি প্রকল্প উপজেলায় চলমান আছে। নতুন স্কীমসমূহ অনুমোদনের জন্য সদর দপ্তরে প্রেরণ করা হয়েছে।<br>৭। উপজেলায় নন-মিউনিসিপাল প্রকল্পের আওতায় পাবলিক টয়লেট সহ নতুন ২১টি স্কীম অনুমোদিত হয়েছে। ঠিকাদরবৃন্দের সাথে চুক্তি সম্পন্ন করা হয়েছে।<br>৮। আশ্রয়ণ প্রকল্পের সাথে সংযুক্ত আইডিবিহীন রাস্তাসমূহের আইডিভুক্তকরণের ফিল্ড ডাটাবেজ তৈরীর কাজ চলমান রয়েছে।<br>৯। এলজিডির সকল কাজ গুণগতমান বজায় রেখে বাস্তবায়ন করা হচ্ছে।<br>১০। আশ্রয়ণ প্রকল্পের সাথে সংযুক্ত আইডিবিহীন রাস্তাসমূহের আইডিভুক্তকরণের ফিল্ড ডাটাবেজ তৈরীর কাজ চরমান রয়েছে।<br>১১। আশ্রয়ণ প্রকল্পের সাথে সংযুক্ত আইডিবিহীন রাস্তাসমূহের আইডিভুক্তকরণের ফিল্ড ডাটাবেজ তৈরীর কাজ চলমান রয়েছে।<br>বিভাগীয় অন্যান্য কাযক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল । | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি । |
| ২২। | **জেলা সমাজ সেবা বিভাগ** ঃ উপ-পরিচালক(ভাঃ) তাঁর বিভাগের জুলাই/২০২৩ মাসের অগ্রগতির কার্যক্রম উপস্থাপন করেন-<br>(ক) দারিদ্র বিমোচন কর্মসূচী ঃ<br>(১) আরএসএস, ১ম হতে ৬ষ্ঠ পর্ব এর মোট প্রাপ্ত তহবিল ২০৫০৬৪১১/-টাকা, বিনিয়োগকৃত অর্থের পরিমান ২০৪৯৫৯৩৪/- টাকা, স্কীমের সংখ্যা ৬২৪৫ জন, আদায়ের হার ৮৭%।<br>(২) রাজস্ব (ইউসিডি) : প্রাপ্ত তহবিল ১৯৫৯২৪৮৩/-, বিনিয়োগকৃত অর্থের পরিমান ১৯১৮৭৭০০/-টাকা, উপকৃতের সংখ্যা- ১৩৫৫ জন, আদায়ের হার ৮৫%।<br>(৩) আরএসএস (২০১১-২০১২ হতে ২০২২-২৩ অর্থ বছর) মোট প্রাপ্ত তহবিল ৫১১০০০০০/- টাকা, বিনিয়োগকৃত অর্থের পরিমান ৫০৪৯৮৫০০/- টাকা, স্কীমের সংখ্যা ২৯৬৯। আদায়ের হার ৯০% ।<br>(৪) দক্ষ ও শারিরীক প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রমের আওতায় প্রাপ্ত তহবিল ১৬৭০৫৪৯৯/- টাকা, বিনিয়োগকৃত অর্থের পরিমান ১৬৫২৫১৮৩/- | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল । | উপ-পরিচালক |

| ক্রমিক নং | বিভাগের নাম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | টাকা, উপকৃতের সংখ্যা ১৭৪৩ জন, আদায়ের হার ৯০%।<br>(৫) পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম এর আওতায় প্রাপ্ত তহবিল ১৯৬৫১২০০/- টাকা, বিনিয়োগকৃত অর্থের পরিমান ১৯৫৪৮০০০/- টাকা, উপকৃতের সংখ্যা ১৫২৮ জন, আদায়ের হার ৯৬%।<br>(৬) বিশেষ আর্থ সামাজিক কার্যক্রমে মোট প্রাপ্ত তহবিল ১১৪১৬৮৬০/- টাকা, বিনিয়োগকৃত অর্থের পরিমান ১১৩৮৮৮৭৫/- টাকা, উপকৃতের সংখ্যা ১৮৬৮ জন এবং আদায়ের হার ৭০%।<br>(৭) পার্বত্য জেলা সমূহের বিশেষ আর্থ সামাজিক উন্নয়ন প্রকল্প প্রাপ্ত তহবিল ২৫০০০০০/- টাকা, বিনিয়োগেকৃত অর্থের পরিমাণ ২৫০০০০০/- টাকা, উপকৃতের সংখ্যা ৪০৬ জন এবং আদায়ের হার ১০০%।<br>এছাড়া দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুর্নবাসন কার্যক্রমসহ বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে । | | |
| ২৩। | **জেলা পরিবার পরিকল্পনা বিভাগ** ঃ উপ-পরিচালক তাঁর বিভাগের জুলাই/২৩ খ্রি. মাসের কার্যক্রম সম্পর্কে জানান -<br>১) জেলার মোট সক্ষম দম্পতির সংখ্যা- ১১৭৮৩৬জন<br>২) সর্বমোট পরিবার পরিকল্পনা গ্রহণকারী (পুরান+নতুন)- ৯২৬২৮ জন।<br>৩) মোট পরিবার পরিকল্পনা গ্রহণকারীর হার ৭৮.৬১%<br>৪) মোট নব দম্পত্তির সংখ্যা- ১৫৪ জন<br>৫) সর্বমোট ওটউ গ্রহণকারী(নতুন)- ১৩৮ জন<br>৬) সর্বমোট ইমপ্লান্ট গ্রহণকারী (নতুন)- ২৪০ জন<br>৭) স্থায়ী পদ্ধতি (ক) পুরুষ- ০২, (খ) মহিলা- ০৯ জন।<br>৮) মোট গর্ভখালাস-(ক) স্বাভাবিক- ৯৭ জন, (খ) সিজারিয়ান- ০২ জন, মান উন্নীত ৪৬ জন । সর্বমোট গর্ভখালাস= ৯৯ জন।<br>৯) চলতি মাসের জেলার মাতৃমৃত্যুর সংখ্যা= ০ জন।<br>১০) জেলায় মোট গর্ভবতীর সংখ্যা= ৩৮১৯ জন।<br>১১) জেলার মোট গর্ভবতী পরিচর্যা-২৯২১ জন।<br>১২) জেলার মোট প্রসব পরবর্তী পরিচর্যা-৮৫৯ জন।<br>১৩) জেলার মোট জীবিত জন্মের সংখ্যা ৪৮৮ জন।<br>১৪) চলতি মাসে সর্বমোট মৃত্যুর সংখ্যা- ১০৩ জন।<br>১৫) বাল্য বিবাহ ও কিশোর মাতৃত্বের বিষয়ে কাউন্সেলিং-১৮৪৬ ।<br>১৬) সাধারণ রোগী সেবা প্রদান-১১২২৫ জন।<br>১৭) জেলার সর্বমোট জনসংখ্যা- ৬৪৮৪১২ জন<br>১৮) জেলার জনসংখ্যার বৃদ্ধির হার ১.৩৪%(প্রায়)।<br>বিভাগীয় অন্যান্যা কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল । | উপ-পরিচালক |
| ২৪। | **যুব উন্নয়ন অধিদপ্তর** ঃ উপ-পরিচালক এর প্রতিনিধি তাঁর বিভাগের আগস্ট/২০২৩খ্রি.(বিবেচ্য মাস জুলাই/২০২৩) মাসের কার্যক্রম সর্ম্পকে সভাকে জানান:<br>**১। যুব ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম:** কার্যালয়ের শুরু থেকে জুলাই/২০২৩ ইং পর্যন্ত যুবঋণ বরাদ্দের পরিমান সর্বমোট =২,২৮,৪৩,৮৪৫/- টাকা, ৯টি উপজেলায় ৭০৫১ জনকে বিভিন্ন প্রকল্পের অনুকূলে =১৭,৩১,৭৬,৭০০/- টাকা ঋণ বিতরণ করা হয়। জুলাই ২০২৩খ্রি. মাস পর্যন্ত ক্রমপুঞ্জিত আদায়যোগ্য টাকার পরিমাণ =১৫,৭০,৫৩,৫১০/-<br>টাকা এবং ক্রমপুঞ্জিত আদায়কৃত টাকার পরিমাণ=১৪,৪০,৩৫,২১২/-টাকা। ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯০.৮৮%।<br>**২। পোষাক তৈরী প্রশিক্ষণ কোর্স:-** চলিত অর্থ বছরে ২৫ জনের একটি ব্যাচ চলমান রয়েছে। ক্রমপুঞ্জিত অগ্রগতি ১৭৯৯ জন।<br>**৩। কম্পিউটার প্রশিক্ষণ কোর্স:** চলিত অর্থ বছরে ৭০ জনের একটি ব্যাচ চলমান রয়েছে। ক্রমপুঞ্জিত অগ্রগতি ২০৫৮ জন।<br>**৪। মৎস চাষ:** চলতি বছরে ৫৫ জনের লক্ষ্যমাত্রার ৫৫ জনকে প্রশিক্ষণ প্রদান | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল । | উপ-পরিচালক |

| ক্রমিক নং | বিভাগের নাম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | করা হয়েছে । ক্রমপুঞ্জিত অগ্রগতি ২৭৮৭জন।<br>৫। প্রতিষ্ঠানিক প্রশিক্ষণ গ্রহনকারীর সংখ্যা ১৩,৪৮১ জন এবং অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ গ্রহনকারীর সংখ্যা ৫৫,০৯৩ জন। জেলায় মোট প্রশিক্ষণার্থীর সংখ্যা ৬৮,৫৭৪ জন। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক । | | |
| ২৫। | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ** ঃ নির্বাহী প্রকৌশলীর জনাব পলাশ চন্দ্র দাস খাগড়াছড়ি জেলায় নতুন যোগদানকারী কর্মকর্তা হিসেবে উপস্থিত সকলের সাথে পরিচয় বিনিময় করেন এবং এ জেলায় তাঁর কর্মকালনি সময়ে সকলের সহযোগিতা কামনা করেন । অত:পর তিনি তাঁর বিভাগের আগস্ট/২৩ মাসের কার্যক্রম সম্পর্কে সভাকে জানান,<br>১। খাগড়াছড়ি জেলার বিভিন্ন গ্রাম সমূহে নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থাপনা প্রকল্প এর কাজ ৯৭% সমাপ্ত হয়েছে ।<br>২। সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পে সর্বমোট ৯৮৮টি নলকূপ স্থাপন কাজের বরাদ্দ ছিলো ২০২১-২২ অর্থ বছরে। কাজের প্রায় ৯৫% বাস্তবায়িত হয়েছে<br>৩। সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পে সর্বমোট ৯৮৮টি নলকূপ স্থাপন কাজের বরাদ্দ ছিলো ২০২২-২৩ অর্থ বছরে।কাজের প্রায় ৬৫% বাস্তবায়িত হয়েছে।<br>৪। সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পে সর্বমোট ৯৮৮টি নলকূপ স্থাপন কাজের বরাদ্দ ছিলো ২০২৩-২৪ অর্থ বছরে। কার্যাদেশ প্রদানের প্রক্রিয়াধীন ।<br>৫। খাগড়াছড়ি জেলার বাজারসমূহে নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থাপনা প্রকল্প চলমান আছে। কাজের প্রায় ৫৩% বাস্তবায়িত হয়েছে।<br>৬। আশ্রায়ন প্রকল্প (২য় ও ৩য় পর্যায়)। উক্ত প্রকল্পের আওতায় ২৮৬ টি টিউবয়েল এর প্রায় ১০০% কাজ সমাপ্ত হয়েছে।<br>৭। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় (২০২১-২২) অর্থ বছরে ৫০টি ওয়াসব্লক এর কাজ চলমার আছে। প্রকল্পের প্রায় ৯৫% কাজ সমাপ্ত হয়েছে।<br>৮। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় (২০২২-২৩) অর্থ বছরে ১০০টি ওয়াসব্লক এর কাজ চলমার আছে। প্রকল্পের প্রায় ৫৫% কাজ সমাপ্ত হয়েছে।<br>৯। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় (২০২৩-২৪) অর্থ বছরে ১০০টি ওয়াসব্লক এর কার্যাদেশ প্রক্রিয়াধীন।<br>১০। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ২০১টি বিদ্যালয়ে নলকুপ স্থাপনের কাজ ৬৫% সমাপ্ত হয়েছে । | খাগড়াছড়ি জেলার বাজারসমূহে নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থাপনা প্রকল্প এর বাস্তবায়ন সময় ২০২৩-২৪ অর্থ বছর শেষ বছর । তাই সকল কাজের কার্যাদেশ দ্রুত প্রদান পূর্বক ১০০% বাস্তবায়নের প্রতি মনোযোগ প্রদান করতে হবে । | নির্বাহী প্রকৌ: খা/ছড়ি । |
| ২৬। | **বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড** ঃ উপ-প্রকল্প পরিচালক তাঁর বিভাগের জুলাই/২৩ মাসের কার্যক্রম সম্পর্কে জানান-<br>**১. সাংগঠনিক কার্যক্রম:** ক. সমিতি/দল গঠন - লক্ষ্যমাত্রা-০৪, মাসে ০ জন, বছরে ০ জন, ক্রমপুঞ্জিত ১০৭৮, এবং খ. সদস্য ভর্তি- লক্ষ্যমাত্রা- ১৪৪ মাসে ০ জন, বছরে ২৯ জন, হার ১৪% ক্রমপুঞ্জিত ২১৮৩৩।<br>২। **পুঁজি গঠন:** ক. শেয়ার আদায় - লক্ষ্যমাত্র- ৪.৫০ লক্ষ টাকা, মাসে ০.৬১ লক্ষ টাকার, বছরে ৬.৫৪ লক্ষ টাকা, হার ১০০%, ক্রমপুঞ্জিত ৯০.৪৭, এবং খ. সঞ্চয় আদায়- লক্ষ্যমাত্রা ৩২.২৫, মাসে ২.৯৭ লক্ষ টাকা, বছরে ৫৫.১৭ লক্ষ টাকা, হার ০%, ক্রমপুঞ্জিত ২১৮৩৩।<br>৩। **ঋণ বিতরন ও আদায়:** ক. ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ১১৬৭.৭৬, মাসে বিতরন ৯৫.৫২, বছরে বিতরন ৯৫.৫২ হার ৮%, ক্রমপুঞ্জিত ১৪৩৬৫.৪৩ এবং খ. মাসে আদায় ৮৩.১১ বছরে আদায় ৮৩.১১ ক্রমপুঞ্জিত আদায় ১৩০৬০.৪৩ লক্ষ টাকা, ঋণ আদায়ের হার ৯৯%। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল । | উপ-পরিচালক |
| ২৭। | **বিসিক (প্রকল্প ও শিল্প সহায়ক কেন্দ্র)** ঃ উপ-ব্যবস্থাপক তাঁর বিভাগের আগস্ট/২০২৩ পর্যন্ত মাসের কার্যক্রম সম্পর্কে জানান:<br>ক্ষুদ্র ও কুটির শিল্পের মাধ্যমে ২৫ জনের কর্মসংস্থান করা হয়েছে এবং ক্ষুদ্র ও কুটির শিল্পের ২৪ জন উদ্যোক্তা চিহ্নিতকরণ করা হয়েছে। বিসিক ওয়ানস্টপ | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল । | উপ-ব্যবস্থাপক, বিসিক |

| ক্রমিক নং | বিভাগের নাম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | সার্ভিস (www.ossbscic.gov.bd) এর মাধ্যমে বিসিক জেলা কার্যালয়, খাগড়াছড়ি হতে এ মাসে ০৮ টি নিবন্ধন প্রদান করা হয়েছে। কারিগরি তথ্য সংগ্রহ ও বিতরণ, নকশা-নমুনা উন্নয়ন ও বিতরণ, বিপণন সমীক্ষা প্রণয়ন, ঋণ ব্যবস্থাকরণ/সহায়তাকরণ, প্রকল্প প্রস্তাব প্রণয়ন ও মূল্যায়নসহ অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | | |
| ২৮। | **ক্ষুদ্র-নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট** ঃ উপ-পরিচালক (ভাঃ) অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না । | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো । | উপ- পরিচালক ক্ষুদ্র নৃ গোষ্ঠীর সাংস্কৃতিক ইন: |
| ২৯। | **জেলা পরিসংখ্যান অফিস** ঃ উপ-পরিচালক (অ:দা:)তাঁর বিভাগের আগস্ট/২৩ মাসের কার্যক্রম সর্ম্পকে জানান-<br>১। জেলা পরিসংখ্যান অফিস, খাগড়াছড়ি হতে প্রতি মাসে বিভিন্ন ফসলের আনুমানিক হিসাব রির্পোটি পাঠানো হয়েছে।<br>২। জেলা পরিসংখ্যান অফিস, খাগড়াছড়ি হতে মাঠ পর্যায় থেকে তথ্য সংগ্রহ করে CPI, BMPI,QIIP,WRI রির্পোটি পাঠানো হয়।<br>৩। জেলা পরিসংখ্যান অফিস, খাগড়াছড়ি হতে মৎস্য উৎপাদন জরিপ রিপোর্ট পাঠানো হয়েছে।<br>৪। জেলা পরিসংখ্যান অফিস, খাগড়াছড়ি হতে গবাদি পশু ও হাঁস মুরগী জরিপ রির্পোটি পাঠানো হয়েছে।<br>৫। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক পরিচালিত SVRS,HIES এর কাজ বর্তমানে মাঠ পর্যায়ে চলমার রয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম চালু রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল । | জেলা পরি: উপ-পরিচালক |
